

## আল-কাহফ | Al-Kahf | الْكَهْفُ

আয়াতঃ ১৮ : ১২

আরবি মূল আয়াত:

ثُمَّ بَعَثْنَاهُمْ لِنَعْلَمَ أَيُّ الْحِزْبَيْنِ أَحْصَىٰ لِمَا لَبِثُوا أَمَدًا ﴿١٢﴾

অনুবাদসমূহ:

তারপর আমি তাদেরকে জাগলাম, যাতে আমি জানতে পারি, যতটুকু সময় তারা অবস্থান করেছিল, দু'দলের মধ্যে\* কে তা অধিক নির্ণয়কারী। — আল-বায়ান

পরে তাদেরকে জাগ্রত করলাম এটা জানার জন্য যে, (গুহাবাসীরা আর যাদের যুগে তারা জাগ্রত হয়েছিল সে যুগের লোকেরা এ) দু'টি দলের মধ্যে কোনটি তাদের অবস্থানকালের সঠিক হিসাব করতে পারে। — তাইসিরুল

পরে আমি তাদেরকে জাগ্রিত করলাম এটা জানার জন্য যে, দুই দলের মধ্যে কোন দল তাদের অবস্থিতি কাল সঠিকভাবে নির্ণয় করতে পারে। — মুজিবুর রহমান

Then We awakened them that We might show which of the two factions was most precise in calculating what [extent] they had remained in time. — Sahih International

\* গুহায় অবস্থান কাল নিয়ে দু'টি দল হয়েছিল। একদল বলেছিল, আমরা অবস্থান করেছি এক দিন অথবা এক দিনের কিছু কম সময়; অন্যদল বলেছিল, দীর্ঘ সময়।

১২. পরে আমরা তাদেরকে জাগিয়ে দিলাম জানার জন্য যে, দু'দলের মধ্যে কোনটি(১) তাদের অবস্থিতিকাল সঠিকভাবে নির্ণয় করতে পারে।

(১) অর্থাৎ মতবিরোধে লিপ্ত দু'টি দলের মধ্যে কারা তাদের অবস্থানকাল সম্পর্কে সঠিক তথ্য দিতে পারে। এখানে জানা অর্থ, প্রকাশ করা। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১২) পরে আমি তাদেরকে জাগ্রিত করলাম এই জানবার জন্য যে, দুই দলের মধ্যে কোনটি তাদের অবস্থানকাল সঠিকভাবে নির্ণয় করতে পারে।[1]

[1] এই দু'টি দল বলতে তারা, যারা মতবিরোধ করেছিল। এরা হয়তো সেই যুগেরই মানুষ ছিল, যাদের মধ্যে এদের ব্যাপারে মতবিরোধ সৃষ্টি হয়। অথবা নবী (সাঃ)-এর যুগের মু'মিন ও কাফেররা। আবার কেউ বলেছেন, এরা ছিল গুহারই অধিবাসী। তাদের মধ্যে দু'টি দল হয়ে গিয়েছিল। একদল বলল, আমরা এত দিন এখানে ঘুমিয়ে ছিলাম। অন্য দল এ কথা অস্বীকার করে প্রথম দলের চেয়ে কিছু কম-বেশী সময়-কাল বলল।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2152>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন